

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dam.gov.bd



নথি নং-১২.০২.০০০০.০১৬.০৬.০০৪.১৮-২৬৬


তারিখঃ ০৪/১১/২০২১ খ্রিঃ

বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের অক্টোবর/২০২১ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে কৃষি বিপণন অধিদপ্তর এর প্রধান কার্যালয়ে Zoom Platform এ (অনলাইন সভা) অনুষ্ঠিত অক্টোবর/২০২১ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নির্দেশক্রমে নিম্নরূপ কার্যব্যবস্থার অনুরোধসহ এতদসঙ্গে প্রেরণ করা হলো।

১. কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আগামী ১৫ নভেম্বর, ২০২১ তারিখের মধ্যে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করবেন; যাতে পরবর্তী সমন্বয় সভার কার্যপত্রে সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উল্লেখ করা যায়। নভেম্বর/২০২১ মাসের সমন্বয় সভার কার্যপত্রে অন্তর্ভুক্তির জন্য বিশেষ কোন আলোচ্য সূচীর প্রস্তাব থাকলে সংশ্লিষ্ট সকলকে তা আগামী ১০ নভেম্বর, ২০২১ তারিখের মধ্যে প্রশিক্ষণ ও সমন্বয় শাখায় (সফটকপি adtc@dam.gov.bd মেইলে) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।



(ইকবাল হোসেন চাকলাদার)

উপ-পরিচালক (আরইটিসি)

ফোনঃ ৫৫০২৮৩৯১

e-mail: chakladerbau@gmail.com

বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

.....
.....
.....



কৃষি বিপণন অধিদপ্তরের অক্টোবর, ২০২১ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|--------|---|--|
| সভাপতি | : | মোহাম্মদ ইউসুফ মহাপরিচালক কৃষি বিপণন অধিদপ্তর। |
| তারিখ | : | ৩১ অক্টোবর, ২০২১ খ্রিঃ। |
| সময় | : | সকাল ১১:০০ ঘটিকা। |
| স্থান | : | সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-‘ক’-তে দেখানো হলো।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা |
|--------------|---|--|--|
| ১. | গত ২৯/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ। | গত ২৯/০৯/২০২১ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় নিশ্চিতকরণের প্রস্তাব করা হয়। সিদ্ধান্ত-১: ২৯/০৯/২০২১ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | প্রশিক্ষণ ও সমন্বয় শাখা |
| ২. | বাজার সংযোগ শাখাঃ | | |
| | ১: ক) চাল, ভোজ্যতেল, আটা, চিনি, কাঁচা মরিচ ও আদাসহ বাজারে আলোচিত অন্যান্য কৃষিপণ্যের মূল্য বৃদ্ধির প্রকৃত কারণ ও করণীয় নির্ধারণে ১৫ দিন অন্তর প্রতিটি জেলা অফিস বিভাগীয় অফিসে তথ্য প্রদান করবে এবং বিভাগীয় অফিস সংকলন করে প্রধান কার্যালয়ে প্রেরণ করবে। আগামী সমন্বয় সভায় একটি সংক্ষিপ্ত প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | | উপপরিচালক (বাজার সংযোগ)/বিভাগীয় উপপরিচালক (সকল)/ এসএএমও/এডি/এএমও/ডিএমও/ডিএমআই/ জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (সকল) |
| | খ) প্রতিটি জেলা ও ঢাকার প্রধান প্রধান বাজারে কোন্ কোন্ পণ্য যৌক্তিক মূল্যে বা যৌক্তিক মূল্যের চেয়ে কম/বেশি দামে বিক্রি হচ্ছে সে সংক্রান্ত বিস্তারিত প্রতিবেদন প্রতিমাসের সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | | উপপরিচালক (বাজার সংযোগ)/বিভাগীয় উপপরিচালক (সকল)/ এসএএমও/এডি/এএমও/ডিএমও/ডিএমআই/ জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (সকল) |
| | গ) প্রকল্প ও জেলা পর্যায়ে যে সব FMG গ্রুপ গঠন করা হয়েছে সে সব গ্রুপকে কিভাবে কাজে লাগানো যায় সে বিষয়ে কর্মপরিকল্পনা তৈরী করতে হবে। | | উপপরিচালক (বাজার সংযোগ)/বিভাগীয় উপপরিচালক (সকল)/ এসএএমও/এডি/এএমও/ডিএমও/ডিএমআই/ জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (সকল) |

